

জুনাইদ আহমেদ পলক এমপি  
প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



আধা-সরকারি পত্র সংখ্যা:- ৫৬.০০.০০০০.০০৬.৯৯.০০৩.২০-১৬৬

তারিখ: ২৩ ডিসেম্বর ১৪২৭  
০৭ সেপ্টেম্বর ২০২০

## প্রিয় প্রধান প্রকৌশলী,

আমার আন্তরিক সালাম ও শুভেচ্ছা নিবেন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দেশের অবকাঠামো উন্নয়নে অবিরাম কর্মসূচি পরিচালনার জন্য আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমার নির্বাচনী এলাকা ৬০, নাটোর-৩, সিংড়া উপজেলা ১২টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে গঠিত ৫৩১ বর্গ কিলোমিটারে বিস্তৃত ঐতিহ্যবাহী চলনবিল অধ্যুষিত এলাকা। এ উপজেলায় প্রায় ৬ লক্ষ লোক বসবাস করে। এ উপজেলাধীন জনগণের ভূমি সংক্রান্ত সার্বিক কার্যক্রম সহজতর করতে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন "উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প কর্তৃক সিংড়া উপজেলার চৌগ্রাম ও লাঙ্গোর ইউনিয়নে সম্প্রতি দুটি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে যা বাস্তবায়ন করেছে গণপূর্ত অধিদপ্তর। নির্ধারিত সময়ে উল্লিখিত প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় নাটোর গণপূর্ত বিভাগ তথা গণপূর্ত অধিদপ্তর এবং সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার  
  
০৭-০৯-২০২০  
(জুনাইদ আহমেদ পলক, এমপি)  
প্রতিমন্ত্রী

জনাব মোঃ আশরাফুল আলম  
প্রধান প্রকৌশলী  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্তভবন, সেচন বাগিচা, ঢাকা।



E-14/Ex, ICT Tower, Agargaon, Dhaka-1207

Call: +880 1762 599 895  
Phone: +880 2 880115 (Office)  
E-mail: mgp@pact.net.bd  
www.pact.net.bd  
www.facebook.com/pactbd  
www.ict.gov.bd

